



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো  
অটোমেশন প্রক্রিয়ায় পরীক্ষার ফলাফল প্রকাশিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৭ নভেম্বর ২০২২খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো অটোমেশন প্রক্রিয়ার মাধ্যমে পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের এমএসএস এর প্রথম সেমিস্টারের ফলাফল প্রকাশের মাধ্যমে অটোমেশন পদ্ধতির যাত্রা শুরু হয়েছে। অদ্য ১৭ নভেম্বর বিকাল ৩টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন টেবুলেশন সীটে স্বাক্ষরের মাধ্যমে অটোমেশন প্রক্রিয়ায় ফলাফল প্রকাশ কার্যক্রমের উদ্বোধন করেন। এই অটোমেশন প্রক্রিয়ায় যুক্ত হওয়ার মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সহায়ক হিসেবে একধাপ এগিয়ে গেল বরিশাল বিশ্ববিদ্যালয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধায়ন ও নির্দেশনায় সফটওয়্যার কোম্পানি এডিসফট এর কারিগরি সহায়তায় প্রথমবারের মতো পরীক্ষার ফলাফল অটোমেশন প্রক্রিয়ায় প্রকাশিত হয়েছে। এ কার্যক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের অটোমেশন বিষয়ক কমিটির আহবায়ক সিএসই বিভাগের সহকারী অধ্যাপক ড. মঞ্জুর আহমেদও সম্পৃক্ত ছিলেন। ফলাফল প্রকাশ কার্যক্রম উদ্বোধনকালে পরীক্ষা কমিটির সভাপতি ও টেবুলেটর রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান সহকারী অধ্যাপক সোহেল রানা, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক টেবুলেটর মাসুম শিকদার, পরীক্ষা নিয়ন্ত্রক স.ম ইমানুল হাকিম, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(চ.দা) সাজ্জাদ উল্লাহ মোঃ ফয়সাল উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়